চুয়াডাঙ্গায় সাবেক ও বর্তমান খেলোয়াড়বৃন্দের মতবিনিময় সভা

চুয়াডাঙ্গায় সাবেক ও বর্তমান খেলোয়াড়বৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের হলরুমে দুপুর দুইটায় মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাবেক খেলোয়াড় ও সহ-সভাপতি সরোয়ার হোসেন জোয়ার্দ্দার মধুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের ধানের শীর্ষের মনোনীত সংসদ সদস্য প্রার্থী শরীফুজ্জামান শরীফ।

প্রধান অতিথির বক্তব্য তিনি বলেন,আসলে ক্রীড়া আমাদের জীবনের জন্য খুবই গুরুত্বপূর্ণ একটা বিষয়। ক্রীড়া এবং খেলাধুলার মধ্যে যারা যুক্ত থাকে এবং নিয়মিত চর্চা করে তারা মানসিক এবং শারীরিক ভাবে সুস্থ। আজ যুব সমাজের দিকে লক্ষ্য করলে দেখতে পাবেন তাদের কি পরিমাণ অবনতি। এই অবনতি মূল কারণ হচ্ছে সঠিক এবং সুস্থ ধারায় ক্রীড়া চর্চা না করা। আসলে অনেকেই বলেছেন খেলাটা আমরা পেশা হিসেবে নিতে চাই। এই পেশা হিসেবে যাতে আপনারা ক্রীড়াটা নিতে পারেন এজন্য আমাদের দলের চেয়ারম্যান তারেক রহমান তিনি এটার উপর বিশেষ নজর দিয়ে পরিকল্পনা তৈরি করেছেন। যেটিতে তিনি বলেছেন ক্লাস ফোর থেকে স্কুলে ক্রীড়াকে বাধ্যমূলক করা হবে এবং বয়স বারো থেকে চোদ্দ পর্যন্ত বছর পর্যন্ত প্রতিভাবান খেলোয়াড়দের বৃত্তি প্রদান করা হবে। দেশের প্রতিটি জেলার ক্রীড়া কমপ্লেক্স এবং স্পোর্টস স্কুল তৈরি করা হবে। যে সকল প্রতিষ্ঠানে ক্রীড়া শিক্ষক নাই সেখানে ক্রীড়া শিক্ষক নিয়োগ করা হবে। দেশের সকল বিভাগের মধ্যেই প্লেয়ার বাছাই করবো এবং ক্রীড়া সরঞ্জাম ইন্ডাস্ট্রি তৈরি করব এবং খেলোয়াড়বৃন্দের চাহিদা পূরণ করবো।

তিনি আরও বলেন,চুয়াডাঙ্গা ক্রীড়া অঙ্গন যাতে বাংলাদেশের ভিতরে শ্রেষ্ঠ ক্রীড়াঙ্গন হয় এজন্য আমরা দল-মত নির্বিশেষে এবং রাজনৈতির বাহিরে ক্রীড়া অঙ্গন রেখে সকলে মিলে আমরা ক্রীড়াঙ্গন যাতে এগিয়ে যায় সেজন্য কাজ করবো।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় ফুটবল দলের

সাবেক খেলোয়াড় মহামুদুল হাসান লিটন, বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সাবেক খেলোয়াড় মামুন জোয়ার্দ্দার, চুয়াডাঙ্গা জেলা মহিলা ক্রীড়া সংস্থার সাবেক খেলোয়াড় ও সাবেক সাধারণ সম্পাদক রউফুন্নাহার রীনা। মতবিনিময় সভায় সঞ্চালক হিসেবে দায়িত্ব পালন করেন চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাবেক খেলোয়াড় ক্রীড়া সংগঠন ও সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক জেলা ক্রীড়া সংস্থা আব্দুল সালাম।

মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন, বিপুল হাসান হ্যাজী, মিলন বিশ্বাস সহ চুয়াডাঙ্গা জেলা ও উপজেলা ক্রীড়া সংস্থার বর্তমান ও সাবেক ফুটবলারবৃন্দ।

মেহেরপুরে কাবাডি খেলোয়াড় ট্রাকের ধাক্কায় আহত

মেহেরপুরে ট্রাকের ধাক্কায় পা হারাতে বসেছে রজনি খাতুন(১৬)নামের এক কাবাডি খেলোয়াড়।

আহত রজনি খাতুন মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে এবছর এসএসসি পরীক্ষার্থী। বর্তমানে সে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন।

আজ সোমবার (১২ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের দারুসসালাম ক্লিনিকের সামনে এ দূর্ঘটনা ঘটে।

জানা গেছে, মেহেরপুর জেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে আন্ত: জেলা ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা মেয়েদের কাবাডি খেলা প্রতিযোগীতায় আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় জেলা পর্যায়ের ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করে। বিদ্যালয়ের এসব খেলোয়াড় একটি আলগামন যোগে বিদ্যালয়ে ফিরছিলেন। হঠাৎ একটি ট্রাক তাদের আলগামনকে ধাক্কা দিলে রজনি খাতুনের ডান পায়ের মাংস খসে যায়। এসময় তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে নিয়ে আসেন। বর্তমানে সেখানেই

চিকিৎসাধীন রয়েছেন।

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক তারিক জানান, রজনি খাতুনের ডান পায়ের ক্ষত হয়েছে। ভর্তি রেখে তাকে চিকিৎসা দেওয়া হচ্ছে।তবে এখন আশংকামুক্ত।